১৫ই এপ্রিল ২০১৯ইং তারিখে অনুষ্ঠিত
প্যারামাউন্ট ইন্স্যুরেন্স কোম্পানী লিঃ-এর

# বিশতম বার্ষিক
# সাধারণ সভার
# কার্যবিবরণী

## প্যারামাউন্ট ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড
## PARAMOUNT INSURANCE COMPANY LIMITED

**Head Office:** House # 22 (Level- 3 & 4) Road # 113/A, Gulshan-2, Dhaka-1212, Bangladesh.
Phone:+880-2-55049824-30, Fax :880-2-55049823
E-Mail : picl@paramountgroupbd.com, Web : www.paramountgroupbd.com/insurance

# বিশতম বার্ষিক
# সাধারণ সভার কার্যবিবরণী

প্যারামাউন্ট ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড এর বিশতম বার্ষিক সাধারণ সভা ১৫ই এপ্রিল ২০১৯ইং তারিখে স্পেক্ট্রা কনভেনশন সেন্টার লিঃ, বাড়ি # ১৯, সড়ক # ৭, গুলশান-১, ঢাকা-১২১২ এর "কিংস হলে" বেলা ১০.০০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। বর্ণিত সভায় কোম্পানীর পরিচালক, উদ্যোক্তা শেয়ারহোল্ডার, মূখ্য নির্বাহী কর্মকর্তা ও ব্যবস্থাপনা পরিচালক, কোম্পানী সচিব, মূখ্য হিসাবরক্ষক এবং সাধারণ শেয়ারহোল্ডার মোট ১৭৩ জন উপস্থিত ছিলেন। সভায় সভাপতিত্ব করেন কোম্পানীর ভাইস-চেয়ারম্যান জনাব আনিতা হক। সভায় কোরাম পূর্ণ হওয়ায় মাননীয় সভাপতি উপস্থিত শেয়ারহোল্ডারগনের সম্মতিক্রমে সভার কাজ আরম্ভ করার অনুমতি প্রদান করেন।

পবিত্র কালামে পাক থেকে তেলাওয়াত ও তর্জমা এবং পবিত্র গীতা পাঠের মাধ্যমে সভার কার্যক্রম শুরু হয়। তারপর সভাপতি মহোদয় তাঁর সংক্ষিপ্ত স্বাগত বক্তব্য পেশ করেন।

বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহিম,
প্রিয় শেয়ারহোল্ডারবৃন্দ,
আস্‌সালামু আলাইকুম।

নববর্ষের এই দিনে প্যারামাউন্ট ইন্স্যুরেন্স -এর ২০তম বার্ষিক সাধারণ সভায় পরিচালনা পর্ষদের পক্ষ থেকে আপনাদের সকলকে আন্তরিক শুভেচ্ছা ও সাদর আমন্ত্রন জানাচ্ছি। প্যারামাউন্ট ইন্স্যুরেন্স -এর পরিচালকগনের পক্ষে ২০১৮ সালের ৩১শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের বার্ষিক প্রতিবেদন এবং নিরীক্ষিত হিসাব আপনাদের নিকট পেশ করতে পেরে আমি খুবই আনন্দিত।

**সুধীবৃন্দ,**

পরিচালকগনের প্রতিবেদন আপনাদের হাতে হাতে রয়েছে। আশাকরি ইতোমধ্যে দেখে নিয়েছেন। তাই এ বিষয়ে কথা বলে আপনাদেরকে বিরক্ত করব না। পরিচালকগনের প্রতিবেদন নিয়ে কোন প্রশ্ন থাকলে আলোচনার সময় উল্লেখ করবেন।

**প্রিয় শেয়ারহোল্ডারবৃন্দ,**

সবশেষে আমি আপনাদেরকে বিনীত অনুরোধ জানাচ্ছি নিরীক্ষিত হিসাব এবং পরিচালকগনের প্রতিবেদন গ্রহণ এবং অনুমোদনের জন্য। কোম্পানীর প্রতি আপনাদের গভীর আস্থা ও ভালবাসার জন্য আমি কোম্পানীর পরিচালকগনের পক্ষ থেকে আবারও কৃতজ্ঞতা জানাচ্ছি। আশাকরি ভবিষ্যতেও সকল ক্ষেত্রে সার্বিক সহযোগিতা ও দিক নির্দেশনা পাব। এ কামনা করে আজকের বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।
"আল্লাহ্‌ হাফেজ" ।

অতঃপর তিনি সভায় উপস্থিত সকলকে আন্তরীক শুভেচ্ছা জানিয়ে তাঁদের সদয় অনুমতি সাপেক্ষে কোম্পানীর সচিব মহোদয়কে সভার নির্ধারিত আলোচ্যসূচীর ক্রমানুযায়ী কার্যক্রম আরম্ভ করার জন্য অনুমতি প্রদান করেন। নির্দেশনা মোতাবেক কোম্পানীর সচিব জনাব ঝর্ণা পারুল উপস্থিত সকলের নিকট থেকে মৌখিক অনুমতি গ্রহণ পূর্বক সভার নির্ধারিত আলোচ্যসূচী মোতাবেক সভার কার্যক্রম শুরু করেন-

## আলোচ্যসূচী -১ ঃ

২০১৮ইং সালের ৩১শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের নিরীক্ষিত হিসাব ও নিরীক্ষিত হিসাবের উপর পরিচালকমন্ডলীর প্রতিবেদন গ্রহণ, বিবেচনা ও অনুমোদনঃ-

২০১৮ইং সালের ৩১শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের নিরীক্ষিত হিসাব ও নিরীক্ষিত হিসাবের উপর পরিচালকমন্ডলীর প্রতিবেদন গ্রহণ, বিবেচনা ও অনুমোদনের জন্য উপস্থাপন করা হলে এর নানা দিক নিয়ে সর্বজনাব- (১) সৈয়দ লিয়াকত আলী (বিও # ১২০১৭৩০০১৪৮৮১৭৪৭), (২) গোলাম ফারুখ (বিও # ১২০৩৯৮০০৬২১৪৭০৩৯),(৩) এম আনিসুর রহমান (বিও # ১২০২০৩০০১৭৬০৬৬০৮), (৪) লুৎফল গণি (টিটু) (বিও # ১২০১৬৪০০০০০১১৩২৬), (৫) মেসবাহ উদ্দিন আহমেদ (বিও # ১২০৩২৭০০৩৪৫১৯৯৯২), (৬) মোঃ ইকবাল (বিও # ১২০৩২৮০০১৩৪২২৯২৩) (৭) মোঃ সেলিম চৌধুরী (বিও # ১২০৩৩২০০০০০৫৮২০১) , (৮) জনাব মোঃ সাজ্জাত হোসেন (খোকন) (বিও # ১২০২৬১০০০৯৭১১৭১৬, (৯) সোহরাব হোসেন লিংকন (বিও # ১২০১৪৭০০০০০২১৭১১), (১০) শাহ আলম (বাবু) (বিও # ১২০২১৪০০০০০১৪০০৬), (১১) মোঃ সেলিম রেজা (বিও # ১২০১৫৯০০৬৭৪২২৮৫০) প্রমুখ শেয়ারহোল্ডারগন আলোচনায় অংশগ্রহন করে তাঁদের সুচিন্তিত মতামত, মন্তব্য এবং সুপারিশ পেশ করেন। তাঁদের অলোচনায় যে সকল বিষয় উত্থাপিত হয় সেগুলোর সার সংক্ষেপ নিম্নরূপঃ-

ক) কোম্পানীর প্রিমিয়াম আয় বৃদ্ধি তথা ব্যবসা অর্জন করতে পারায় প্রশংসা করা হয়।

খ) কোম্পানীর নীট লভ্যাংশ ও বিশেষত অবলিখন মুনাফা বৃদ্ধির জন্য কর্যকরি পদক্ষেপ নেয়ার সুপারিশ করা হয়।

গ) বিগত বছরের ন্যয় একই হারে লভ্যাংশ প্রদান করতে না পারায় ও ক্রমাগত শেয়ার মুল্য হ্রাস পাওয়ায় উদ্বেগ প্রকাশ করা হয়।

ঘ) কোম্পানীর নীট সম্পদ ও বিনিয়োগের পরিমাণ উল্লেখযোগ্য পরিমানে বৃদ্ধি পাওয়ায় ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

ঙ) যথাযথ নিয়মে পূনঃবীমা করার জন্য এবং শেয়ারহোল্ডার ইক্যুয়িটি বৃদ্ধির জন্য প্রশংসা করা হয়।

চ) তথ্যবহুল ও প্রকৃত চালচিত্র বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে পারায় প্রশংসা করা হয়।

ছ) স্থায়ী আমানত সংরক্ষণের মাধ্যমে কোম্পানীর আর্থিক ভীত মজবুত রাখতে পারায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

জ) আগামী বছর যাতে আরও অধিক হারে লভ্যাংশ প্রদান করা যায় সে লক্ষ্যে কাজ করে যাওয়ার পরামর্শ দেয়া হয়।

ঝ) সর্বপরি সাধারণ শেয়ারহোল্ডারগনের স্বার্থ সংরক্ষণের বিষয়টিতে গুরুত্ব দেয়ার জন্য পরামর্শ দেয়া হয়।

উপরোক্ত আলোচনায় যে সকল বিষয় উত্থাপিত হয় সেগুলোর মধ্য থেকে কোম্পানীর মূখ্য নির্বাহী কর্মকর্তা ও ব্যবস্থাপনা পরিচালক মহোদয় তাঁর সংক্ষিপ্ত বক্তব্য শেষে গুরুত্বপূর্ণ কিছু প্রশ্নের উত্তর প্রদান করেন এবং উত্থাপিত মন্তব্য, পরামর্শ এবং সুপারিশসমূহ বাস্তবায়নের চেষ্টা অব্যাহত রাখবেন বলে আশ্বাস প্রদান করেন। পরিশেষে পেশকৃত প্রতিবেদন যদি গ্রহণযোগ্য হয়ে থাকে তবে একজন শেয়ারহোল্ডারকে প্রস্তাব এবং অন্য একজনকে তা' সমর্থন করার অনুরোধ জানালে জনাব মোঃ তোফাজ্জেল হোসেন (বিও # ১২০২৪২০০৬১৭৩১৪১৪) প্রস্তাব করেন এবং জনাব আজাদ আহসান (বাচ্চু) (বিও # ১২০৪৮২০০৪৩৮৫৪২০১) তা' সমর্থন করেন।

**সিদ্ধান্ত ঃ**

২০১৮ইং সালের ৩১শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের নিরীক্ষিত হিসাব ও নিরীক্ষিত হিসাবের উপর পরিচালকমন্ডলীর প্রতিবেদন সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

## আলোচ্যসূচী -২ ঃ

২০১৮ইং সালের ৩১শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য লভ্যাংশ ঘোষণাঃ-

পরিচালনা পর্ষদ ৪ঠা মার্চ ২০১৯ইং তারিখের বোর্ড সভায় ২০১৮ইং সালের জন্য ৫% হারে স্টক ডিভিডেন্ড প্রদানের প্রস্তাব করেছেন। বর্ণিত বিষয়টি সভায় বিবেচনা ও অনুমোদনের জন্য উপস্থাপন করা হলে জনাব আব্দুল মোতালেব মজুমদার (বিও # ১২০২৮৪০০২৫৮০৫৬০৮) অনুমোদনের জন্য প্রস্তাব করেন এবং শেয়ারহোল্ডার জনাব মোঃ মনোয়ার হেসেন (বিও # ১২০৪৮২০০৪৪০১০১১৬) সে প্রস্তাব সমর্থন করেন।

**সিদ্ধান্ত ঃ**

২০১৮ইং সালের ৩১শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য ৫% হারে স্টক ডিভিডেন্ড প্রদানের বিষয়টি সর্বসম্মত সিদ্ধান্তক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

## আলোচ্যসূচী ৩(ক)ঃ

কোম্পানীর আর্টিকেলস অব এসোসিয়েশন অনুযায়ী উদ্যোক্তা গ্রুপ (গ্রুপ-এ) থেকে পরিচালক নির্বাচন / পুনঃনির্বাচনঃ-

কোম্পানীর আর্টিকেলস্ অব এসোসিয়েশন এর বিধি মোতাবেক উদ্যোক্তা পরিচালক জনাব নেওয়াজ আহমেদ এবং জনাব অসিত কুমার দাস অবসর গ্রহণ করেন এবং পুনঃ নিয়োগের যোগ্য বিধায় পুনরায় নির্বাচিত হওয়ার আগ্রহ প্রকাশ করেছেন। এমতাবস্থায় তাঁদের পরিচালক হিসাবে নিয়োগ প্রদানের প্রস্তাব অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হলে উদ্যোক্তা শেয়ারহোল্ডার জনাব সাখাওয়াত হোসেন (বিও # ১২০১৮৯০০৩৫১২১৯৩১) সে প্রস্তাব উপস্থাপন করেন এবং সমর্থন করেন উদ্যোক্তা শেয়ারহোল্ডার জনাব অলক কুমার দাস (বিও # ১২০১৮৯০০৩৫১২১৯৫৮)।

**সিদ্ধান্ত ঃ**

উদ্যোক্তা শেয়ারহোল্ডার জনাব নেওয়াজ আহমেদ এবং জনাব অসিত কুমার দাস সর্বসম্মতিক্রমে পরিচালক পদে পুনঃনিয়োগ প্রাপ্ত হন।

## আলোচ্যসূচী ৩(খ)ঃ

কোম্পানীর আর্টিকেলস অব এসোসিয়েশন অনুযায়ী সাধারণ শেয়ারহোল্ডার গ্রুপ (গ্রুপ-বি) থেকে পরিচালক নির্বাচনঃ-

কোম্পানীর আর্টিকেলস্ অব এসোসিয়েশন এর বিধি মোতাবেক সাধারণ শেয়ারহোল্ডার গ্রুপ (গ্রুপ-বি) থেকে জনাব সন্দীপ দাস অবসর গ্রহণ করেন এবং তিনি পুনঃ নিয়োগের যোগ্য বিধায় যথানিয়মে আবেদন করেছেন। কিন্তু বি-গ্রুপ থেকে অন্য কোন ব্যক্তি আবেদন না করায় জনাব সন্দীপ দাস বিনা প্রতিদ্বন্দ্বীতায় পরিচালক হিসাবে নির্বাচিত হন।

এমতাবস্থায়, অবসর গ্রহনকারী পরিচালক জনাব সন্দীপ দাস কে পরবর্তী টার্মের জন্য কোম্পানীর পরিচালক হিসাবে নিয়োগের প্রস্তাব করেন জনাব শিরিন আক্তার (বিও # ১২০৩৪৩০০১৪৯৬১৪০৬) এবং সমর্থন করেন জনাব মোঃ কামাল চৌধুরী (বিও # ১২০৩৫৭০০৩৮০১১০২৬)

**সিদ্ধান্ত ঃ**

সাধারণ শেয়ারহোল্ডার জনাব সন্দীপ দাস সর্বসম্মতভাবে পুনরায় পরিচালক হিসেবে নিয়োগ প্রাপ্ত হন।

## আলোচ্যসূচী -৪ ঃ

২০১৯ইং সালের জন্য সংবিধিবদ্ধ নিরীক্ষক নিয়োগ ও তাঁদের পারিশ্রমিক নির্ধারণঃ-

২০১৮ইং সালে কোম্পানীর সংবিধিবদ্ধ নিরীক্ষক ছিলেন আরটিসন যারা অত্র বার্ষিক সভার পর অব্যাহতি প্রাপ্ত হবেন। তাঁরা এসইসির প্রবিধান মোতাবেক পুনঃনিয়োগের যোগ্য বিধায় নিরীক্ষক হিসাবে পুনঃনিয়োগের জন্য লিখিত ইচ্ছা প্রকাশ করেছে এবং তাদের পারিশ্রমিক যুক্তিযুক্ত হারে বৃদ্ধি করার লিখিত অনুরোধ করেছে।

এমতাবস্থায় তাঁদের আবেদনটি বিবেচনা পূর্বক নিয়োগের লক্ষ্যে সভায় উপস্থাপন করা হলে জনাব মোঃ জিয়াউর রহমান (বিও # ১২০৩২১০০৬৬০৮৫৩৫) নিয়োগের প্রস্তাব করলে জনাব খাবের আহমেদ সিকদার (বিও # ১২০১৫৯০০২৩৯৪৯৯১০) সে প্রস্তাব সমর্থন করেন। উল্লেখ্য উপস্থিত শেয়ারহোল্ডারবৃন্দ তাঁদের পারিশ্রমিক কিছুটা বৃদ্ধির প্রস্তাব করেছেন।

**সিদ্ধান্ত ঃ**

মেসার্স আরটিসন ২০১৯ইং সালের জন্য কোম্পানীর সংবিধিবদ্ধ নিরীক্ষক হিসাবে নিয়োগ লাভ করেন এবং তাঁদের পারিশ্রমিক =১,২৫,০০০/- (এক লক্ষ) টাকা মাত্র সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

## আলোচ্যসূচী -৫ ঃ

কমপ্লায়েন্স নিরীক্ষক -এর নিয়োগ অনুমোদন এবং তাঁদের পারিশ্রমিক নির্ধারণ ঃ-

২০১৮ সালে কোম্পানীর কমপ্লায়েন্স নিরীক্ষক ছিলেন জনাব মোঃ আতিকুর রহমান এবং তার পারিশ্রমিক ছিল ২০,০০০/- টাকা মাত্র। তিনি পুনরায় ২০১৯ সালে কমপ্লায়েন্স নিরীক্ষা করার লিখিত আগ্রহ প্রকাশ ও তার পারিশ্রমিক ২৫,০০০/- টাকা মাত্র নির্ধারণ করার অনুরোধ করেছেন।

এমতাবস্থায় বর্তমান কমপ্লায়েন্স নিরীক্ষক জনাব মোঃ আতিকুর রহমান এর আবেদনটি বিবেচনা পূর্বক নিয়োগের লক্ষ্যে সভায় উপস্থাপন করা হলে জনাব মোঃ শাহ আলম (বিও # ১২০৩৬৯০০২১৫৪০২৫০) নিয়োগের প্রস্তাব করলে জনাব মোঃ শহীদ মিয়া (বিও # ১২০১৭৩০০৬২৩৬৫৫৪৫) সে প্রস্তাব সমর্থন করেন।

**সিদ্ধান্ত ঃ**

মোঃ আতিকুর রহমান ২০১৯ইং সালের জন্য কোম্পানীর কমপ্লায়েন্স নিরীক্ষক হিসাবে নিয়োগ লাভ করেন এবং তাঁর পারিশ্রমিক =২৫,০০০/-টাকা মাত্র সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো।

সভায় আলোচনার জন্য যেহেতু অন্য আর কোন বিষয় উত্থাপিত হয় নাই, তাই সভায় উপস্থিত সম্মানীত শেয়ারহোল্ডারবৃন্দ, পরিচালকমন্ডলী, উদ্যোক্তাবৃন্দ, কর্মকর্তা-কর্মচারী এবং সুভানুধ্যায়ীগনকে আন্তরীক প্রীতি ও শুভেচ্ছা জানিয়ে প্যারামাউন্ট ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড এর ২০তম বার্ষিক সাধারণ সভা সমাপ্ত করার জন্য সভাপতি মহোদয়ের নিকট আবেদন করলে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

প্যারামাউন্ট ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড এর পক্ষে-

Anita Haque

**(আনিতা হক)**
সভাপতি